গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
আইসিটি সেল (প্রোগ্রামারের দপ্তর)
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০২৬.১৬.০১৬.১৯.২২

তারিখ: ৩০ আষাঢ় ১৪২৬
১৪ জুলাই ২০১৯

গত ১১/০৭/২০১৯ তারিখে অনুষ্ঠিত 'জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮' অনুযায়ী কর্ম-পরিকল্পনা ভিত্তিক করণীয় বিষয়সমূহ অবহিতকরণ এবং বাস্তবায়ন কার্যক্রমের অগ্রগতির ত্রৈমাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী (০১) এক পাতা।

১৪.০৭.১৯

(মু. ওয়াহিদ মুরাদ)
প্রোগ্রামার
ফোনঃ ৫৫০০৭০৯০
ই-মেইলঃ murad@sid.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (উন্নয়ন/তথ্য ব্যবস্থাপনা/প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০৩। উপ-মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০৪। যুগ্মসচিব(তথ্য ব্যবস্থাপনা/প্রশাসন/বাজেট, আর্থিক ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৫। উপসচিব (সকল) / সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৬। পরিচালক (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০৭। জনাব যতন কুমার সাহা, সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০৮। জনাব চন্দ্র শেখর রায়, সিনিয়র মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০৯। সহকারী সচিব, প্রশাসন-২ শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

অনুলিপি:

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০২। অফিস কপি/গার্ড নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি সেল
www.sid.gov.bd

**বিষয়ঃ 'জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮' এর কর্ম-পরিকল্পনা ভিত্তিক করণীয় বিষয়সমূহের উপর গৃহীত কার্যক্রমের অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের লক্ষ্যে পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ১১-০৭-২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১১.৩০ ঘটিকা, বৃহস্পতিবার |
| সভার স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (SID) এর সম্মেলন কক্ষ, (ব্লক-বি) |
| সভার সভাপতি | : | মাহমুদা আকতার, অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভার উপস্থিতি | : | সংযোজনী-ক। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে, রূপকল্প-২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যকে সমানে রেখে সরকারি সেবা নাগরিকগণের দোরগোড়ায় কম সময়ে ও কম খরচে পৌঁছে দেওয়ার নিমিত্ত মন্ত্রণালয়/বিভাগ এর আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহ বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। এরই আলোকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে একটি স্বচ্ছ, দায়বদ্ধ ও জবাবদিহিমূলক সরকার প্রতিষ্ঠা এবং সরকারি ও বেসরকারি খাতের অংশীদারিত্বে সরকারি সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছানোসহ ২০২১ সালের মধ্যে 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণ এবং ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ জ্ঞানভিত্তিক উন্নত রাষ্ট্রে পরিণত করার লক্ষ্যে সরকার 'জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮' প্রণয়ন করেছে। প্রণীত 'জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮' অনুযায়ী করণীয় বিষয়সমুহের অগ্রগতি সম্পর্কে ত্রৈমাসিক (জানুয়ারী-মার্চ, এপ্রিল-জুন, জুলাই-সেপ্টেম্বর এবং অক্টোবর-ডিসেম্বর) প্রতিবেদন প্রাপ্তির লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্ম-পরিকল্পনার করণীয় বিষয়সমূহ আলাদাভাবে সন্নিবেশিত করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্ম-পরিকল্পনার করণীয় বিষয়সমূহের উপর গৃহীত কার্যক্রম ও কার্যক্রমের বর্তমান অবস্থা পর্যালোচনা করে ছক মোতাবেক ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। এ বিষয়ে সভাপতি এ বিভাগের প্রোগ্রামারকে 'জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮' অনুযায়ী করণীয় বিষয়সমূহ উপস্থাপন করতে অনুরোধ করেন।

২। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ বিভাগের ৬২ টি করণীয় বিষয়সমূহ উপস্থাপন করেন। করণীয় বিষয়সমূহ উল্লেখ পূর্বক তিনি বলেন, স্বল্পমেয়াদী (২০২১), মধ্যমেয়াদী (২০৩০) ও দীর্ঘমেয়াদী (২০৪১) অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে পরিকল্পনা অনুযায়ী প্রতি তিন মাস অন্তর অগ্রগতি সম্পর্কে ছক মোতাবেক প্রতিবেদন দেওয়ার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক অনুরোধ করা হয়েছে। তিনি বলেন, প্রতিটি করণীয় বিষয় যথাযথভাবে বাস্তবায়নের জন্য সূচকভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করা যেতে পারে। আলোচনার এ পর্যায়ে সভাপতি উপস্থিত সকলকে করণীয় বিষয়সমূহ সম্পর্কে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণের জন্য আহবান জানান।

৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ আলোচনায় অংশ নিয়ে বলেন, বিষয়টি যেহেতু অনেক জটিল ও সময়সাপেক্ষ, তাই এর জন্য একটা কমিটি করা যেতে পারে। এক্ষেত্রে বিবিএস ও এসআইডি আলাদাভাবে কাজ করে নিজ নিজ দপ্তরের প্রতিবেদন তৈরী করতে পারে। এ বিভাগের যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) বলেন, করণীয় বিষয়সমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য এ বিভাগ ও বিবিএস পৃথকভাবে তাদের উইং প্রধানদের নিয়ে সভা করে একটি খসড়া প্রতিবেদন প্রস্তত করতে পারে। আলোচনায় অংশ নিয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডেমোগ্রাফি এন্ড

হেলথ উইং এর পরিচালক বলেন, করণীয় বিষয়সমূহ সার্বিক পর্যালোচনা করা প্রয়োজন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ন্যাশনাল একাউন্টিং উইং এর পরিচালক বলেন, করণীয় বিষয়সমুহের অনেকগুলো ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার উইং এর পরিচালক বলেন, যেহেতু বিষয়টি সকল উইং এর সাথে সম্পর্কিত, তাই ছক মোতাবেক অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য সকল উইং এর পরিচালকদের সমন্বয়ে বিবিএস এর একটি কমিটি গঠন করা যেতে পারে।

৪। সভাপতি প্রণীত 'জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮' অনুযায়ী এ বিভাগের করণীয় বিষয়সমুহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সব ধরনের পদক্ষেপ গ্রহণ করার জন্য ইনোভেশন টিমকে নির্দেশনা দেন। বিবিএসকে সকল উইং এর সমন্বয়ে কমিটি করে করণীয় বিষয়সমূহ পর্যালোচনা করে ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

৫। আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

৫.১ কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত করণীয় বিষয়সমূহ পর্যালোচনা করে এ বিভাগের ইনোভেশন টিম ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তত করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণের ব্যবস্থা নিবেন।

৫.২ কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত করণীয় বিষয়সমূহ পর্যালোচনা করার জন্য বিবিএস এর সকল উইং এর সমন্বয়ে কমিটি গঠন করতে হবে। কমিটি করণীয় বিষয়সমুহ পর্যালোচনাপুর্বক ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করে এ বিভাগে প্রেরণ করবে।

৫.৩ কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত করণীয় বিষয়সমূহ বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিম ও বিবিএস এর গঠিত কমিটি নিয়মিত সভা করে ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তত করে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহমুদা আকতার)
অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা)
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

E:\ICTD Nitimala 2018\Minjues.doc